গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, সাতক্ষীরা
জুডিশিয়াল মুন্সিখানা শাখা

জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ ইফতেখার হোসেন<br>জেলা ম্যাজিস্ট্রেট |
| সভার তারিখ | ১২ আগস্ট ২০১৮ |
| সভার সময় | সকাল ১০:০০ টা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | উপস্থিত সদস্যদের তালিকা পৃথক রেজিস্টারে সংরক্ষিত |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বিগত ০৮ জুলাই ২০১৮ এ অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন/সংযোজন না থাকায় সর্বসম্মতভাবে তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচি অনুসারে সভায় তথ্যাদি উপস্থাপন করা হয় এবং আলোচনা অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

| বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ক. আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণ | ১) আইন-শৃংখলা পরিস্থিতি সমুন্নত রাখার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল বিভাগকে সমন্বিতভাবে প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>২) আসন্ন ১৫ আগস্ট ২০১৮ জাতীয় শোক দিবসের সকল কর্মসূচি নির্বিঘ্নে উদযাপন এবং পবিত্র ঈদ-উল-আযহা শান্তিপূর্ণভাবে উদযাপনের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে সন্দেহজনক তথ্য পেলে তাৎক্ষণিকভাবে পুলিশকে জানাতে হবে।<br>৩) এ জেলার তুলনামূলক অপরাধ বিবরণী পর্যালোচনায় জুলাই ২০১৮ মাসে মোট মামলা ২১৪ টি পক্ষান্তরে জুন ২০১৮ মাসে মোট মামলা ২০৫ টি। অপরাধ প্রবণতা হ্রাসে পুলিশের কার্যক্রম আরও জোরদার করতে হবে।<br>৪) সাতক্ষীরা পৌরসভা অনুমোদিত ৬৯৫টির অতিরিক্ত ইজিবাইক চলাচল নিয়ন্ত্রণ করতে হবে। | ১। পুলিশ সুপার, সাতক্ষীরা<br>২। অধিনায়ক, ৩৩ বিজিবি, সদর সাতক্ষীরা এবং ১৭ বিজিবি, নীলডুমুর, শ্যামনগর, সাতক্ষীরা<br>৩। পরিচালক, র‌্যাব-৬, খুলনা<br>৪। মেয়র, সাতক্ষীরা পৌরসভা<br>৫। উপ-পরিচালক, এনএসআই, সাতক্ষীরা<br>৬। সংশ্লিষ্ট সকল |
| খ. জঙ্গিবাদ ও সন্ত্রাসী কার্যক্রম রোধ | সাধারণ মানুষ যেন কোন প্রকার ভোগান্তির শিকার না হয় সেদিকে লক্ষ্য রেখে সকল প্রকার জঙ্গী কার্যক্রম ও নাশকতা বন্ধে সংশ্লিষ্টদের সমন্বিতভাবে কাজ করতে হবে। | ১। পুলিশ সুপার, সাতক্ষীরা<br>২। পরিচালক, র‌্যাব-৬, খুলনা<br>৩। উপ-পরিচালক, এনএসআই, সাতক্ষীরা |
| গ. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও সীমান্তবর্তী এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ | চোরাচালান ও মাদকদ্রব্য অনুপ্রবেশ বন্ধসহ সীমান্তবর্তী এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে। ফেনসিডিল ও ইয়াবাসহ সকল মাদকদ্রব্যের বিরুদ্ধে সমন্বিতভাবে অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে। মাদক ব্যবসায়ীদের চিহ্নিত করে আইনের আওতায় আনতে হবে। সচেতনতা বাড়াতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ সংক্রান্ত সভা ও সেমিনারের সংখ্যা বৃদ্ধি করতে হবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাদকের কুফল সম্পর্কে সম্যক ধারণা প্রদান ও মাদকাসক্ত না হতে উদ্বুদ্ধ করতে হবে। শুক্রবার জুম্মার খুৎবায় মাদকবিরোধী বক্তব্য প্রদানের ব্যবস্থা করতে হবে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিভাগের কার্যক্রম জোরদার করতে হবে। মাদকের বিরুদ্ধে চলমান অভিযান সফল করতে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ১। পুলিশ সুপার, সাতক্ষীরা<br>২। অধিনায়ক, ৩৩ বিজিবি, সদর সাতক্ষীরা এবং ১৭ বিজিবি, নীলডুমুর, শ্যামনগর, সাতক্ষীরা<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সাতক্ষীরা<br>৪। বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), সাতক্ষীরা<br>৫। সহকারী পরিচালক, মাদকদ্রব্যনিয়ন্ত্রণ অধিদপ্তর, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ঘ. বাল্য বিবাহ প্রতিরোধ | বাল্য বিবাহ প্রতিরোধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সর্বস্তরের জনসাধারণকে সচেতন করতে হবে। | ১। পুলিশ সুপার, সাতক্ষীরা<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সাতক্ষীরা |
| ঙ. গ্রাম আদালতের কার্যক্রম পরিবীক্ষণ | গ্রাম আদালতের কার্যক্রম আরও গতিশীল করতে হবে।গ্রাম আদালতে দায়েরকৃত মামলা নিষ্পত্তির হার বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সাতক্ষীরা |
| চ. মোবাইলকোর্ট পরিচালনা | জনগণের জানমাল রক্ষা, সুষ্ঠু পরিবহন ব্যবস্থা, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য স্থিতিশীল রাখতে এবং আইন-শৃংখলা পরিস্থিতি সমুন্নত রাখতে প্রয়োজনীয় সংখ্যক মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ১।পুলিশ সুপার, সাতক্ষীরা<br>২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সাতক্ষীরা<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সাতক্ষীরা<br>৪। বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), সাতক্ষীরা |
| ছ. নাশকতা মামলা সংক্রান্ত | ২০১৩ সালের সহিংস ঘটনার মামলাভূক্ত আসামীদের মধ্যে কতজন আটক হয়েছে ও কতজন জামিনে আছে এবং জামিনপ্রাপ্ত আসামীদের মধ্যে কতজন ধার্য দিনে কোর্টে হাজির হয় ও কতজন হাজির হয় না ও কতজনের বিরুদ্ধে ওয়ারেন্ট ইস্যু হয়েছে তার সুনির্দিষ্ট তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে। | বিজ্ঞ পিপি, সাতক্ষীরা |
| জ.আটককৃত চোরাচালান মালামাল স্পট নিলাম | বিজিবি ও পুলিশ কর্তৃক চোরাচালান মালামাল আটকের পর নির্ধারণকৃত মূল্যের সাথে কাস্টমসের নিলামকৃত মূল্যের মধ্যে পার্থক্য দূরীকরণে স্পট নিলামের ব্যবস্থা করতে হবে। | সহকারী কমিশনার, কাস্টমস্ এক্সাইজ এন্ড ভ্যাট বিভাগ, সাতক্ষীরা |
| ঞ.পবিত্র ইদ-উল-আযহা ২০১৮ উপলক্ষ্যে নির্ধারিত স্থানে কোরবানি নিশ্চিত | **পবিত্র ইদ-উল-আযহা ২০১৮ উপলক্ষ্যে নির্ধারিত স্থানে কোরবানি নিশ্চিত করা সংক্রান্ত গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন** এর জন্য কতিপয় গুরুত্বপূর্ণ নির্দেশনা অনুসরণ করতে হবে। যথাক্রমে - (১) ২০১৮ সালে নির্ধারিত স্থানে কোরবানি নিশ্চিতকরণ সংক্রান্তে উপজেলা নির্বাহী অফিসার ও পৌরসভার মেয়রকে নিয়ন্ত্রণ কক্ষ খুলতে হবে (২) ২০১৮ সালে নির্ধারিত স্থানে কোরবানি নিশ্চিতকরণ সংক্রান্তে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে (৩) খুলনা বিভাগে যে সকল Growth Center আছে, সে গুলোতেও এ ব্যবস্থা নিতে হবে (4) যানবাহন ও লোকজন চলাচল করে এমন রাস্তার উপর কোরবানি করা যাবে না (৫) তথ্য অফিসারকে এ বিষয়ে প্রচারণা চালাতে হবে (৬) পত্রিকায় (শেষ পাতায়) পশু জবাই দেয়ার নির্ধারিত স্থানের তালিকা প্রকাশ করতে হবে (৭) আগে থেকেই স্থান নির্ধারণ করে স্কুল কলেজ এবং মাদ্রাসায় লিফলেট বিতরণ করতে হবে (৮) বর্জ্য অপসারণের দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে (৯) সর্বত্র সচেতনতামূলক উদ্যোগ গ্রহণ করতে হবে (১০) কোরবানির ১০দিন আগে সংশ্লিষ্ট এলাকার কোথায় কখন কোরবানির পশু জবেহ হবে তার বিবরণ সংবলিত স্লিপ প্রতিটি বাড়িতে পৌঁছানোর ব্যবস্থা করতে হবে (১১) কোরবানির অন্তত: ১৫দিন আগে এলাকাভিত্তিক পশুর হাট এবং প্রতিটি ওয়ার্ডে পশু জবাইয়ের নির্ধারিত স্থানের তালিকা ব্যানারে টাঙিয়ে দিতে হবে। | ১। পুলিশ সুপার, সাতক্ষীরা<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সাতক্ষীরা<br>৩। মেয়র, সাতক্ষীরা/কলারোয়া পৌরসভা<br>৪। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা<br>৫। জেলা তথ্য অফিসার, সাতক্ষীরা<br>৬। সভাপতি, প্রেসক্লাব, সাতক্ষীরা |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে জাতীয় শোক দিবস পালন ও আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ও শুভ জন্মাষ্টমীর শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ ইফতেখার হোসেন
জেলা ম্যাজিস্ট্রেট

স্মারক নম্বর: ০৫.৪৪.৮৭০০.০১২.২৪.০০১.১৮.২০১ তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৫

১২ আগস্ট ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাননীয় সংসদ সদস্য (সকল), সাতক্ষীরা

২) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

৩) সচিব, জননিরাপত্তা বিভাগ

৪) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর , স্থানীয় সরকার বিভাগ

৫) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা

৬) মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

৭) উপ-মহা পুলিশ পরিদর্শক, খুলনা রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, খুলনা

৮) পুলিশ সুপার, সাতক্ষীরা

৯) অধিনায়ক ৩৩ ও ১৭ বিজিবি

১০) জোনাল কমান্ডার ওয়েস্ট জোন, বাংলাদেশ কোস্ট গার্ড, দিগরাজ মংলা বাগেরহাট

১১) ওসি, রিভারাইন, বিজিবি ক্যাম্প নীলডুমুর, শ্যামনগর, সাতক্ষীরা

১২) অধ্যক্ষ, সাতক্ষীরা সরকারি কলেজ ও সরকারি মহিলা কলেজ

১৩) সিভিল সার্জন, সাতক্ষীরা

১৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), সাতক্ষীরা

১৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সাতক্ষীরা

১৬) মেয়র, সাতক্ষীরা (সকল)

১৭) অতিরিক্ত পুলিশ সুপার, সাতক্ষীরা সদর সার্কেল ও কালিগঞ্জ সার্কেল, সাতক্ষীরা

১৮) সহকারী পুলিশ সুপার, দেবহাটা সার্কেল ও তালা সার্কেল, সাতক্ষীরা

১৯) পরিচালক, র‌্যাব-৬, লবনচোরা, খুলনা

২০) উপ-পরিচালক, এনএসআই, সাতক্ষীরা

২১) বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট বিভাগ, সাতক্ষীরা

২২) উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সাতক্ষীরা

২৩) জেলা মৎস্য অফিসার, সাতক্ষীরা

২৪) জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা

২৫) জেলা মহিলা বিষয়ক অফিসার, সাতক্ষীরা

২৬) জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, সাতক্ষীরা

২৭) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সাতক্ষীরা

২৮) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সাতক্ষীরা

২৯) আবাসিক প্রকৌশলী, ওজোপাডিকোলি:, সাতক্ষীরা

৩০) জেল সুপার, জেলা কারাগার, সাতক্ষীরা

৩১) জেনারেল ম্যানেজার, সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, পাটকেলঘাটা, সাতক্ষীরা

৩২) অধ্যক্ষ, তালা মহিলা কলেজ, সাতক্ষীরা

৩৩) পাবলিক প্রসিকিউটর, সাতক্ষীরা

৩৪) কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সাতক্ষীরা জেলা কমান্ড, সাতক্ষীরা

৩৫) সভাপতি, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, সাতক্ষীরা

৩৬) সভাপতি, জেলা বার এসোসিয়েশন, সাতক্ষীরা

৩৭) সভাপতি, সাতক্ষীরা প্রেসক্লাব, সাতক্ষীরা

৩৮) সভাপতি, শিল্প ও বণিক সমিতি, সাতক্ষীরা

৩৯) সভাপতি, জেলা হিন্দু, বৌদ্ধ, খ্রীস্টান ঐক্য পরিষদ, সাতক্ষীরা

৪০) জনাব মুনসুর আহমেদ, সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, সাতক্ষীরা জেলা শাখা

৪১) জনাব আলহাজ্ব মো: নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, সাতক্ষীরা জেলা শাখা

৪২) অধ্যাপক আবু আহমেদ, সভাপতি, সাতক্ষীরা জেলা বাস, মিনিবাস, ও মাইক্রোবাস মালিক সমিতি, সাতক্ষীরা

৪৩) জনাব এ, কে, এম আনিছুর রহমান, পিতা-মো: আজিজুর রহমান, গ্রাম-পার কুখরালী, বিদ্যালয় পাড়া, থানা+জেলা- সাতক্ষীরা

৪৪) জনাব জ্যোৎস্না আরা, স্বামী-আবু জাফর সিদ্দিকী, গ্রাম-কাটিয়া লস্কর পাড়া, থানা+জেলা- সাতক্ষীরা



মোহাম্মদ ইফতেখার হোসেন
জেলা ম্যাজিস্ট্রেট